

প্রাথমিক বিদ্যালয়টির

মেরামত প্রয়োজন

রংপুর জেলার গোবিন্দগঞ্জ থানার বাইতুনা সরকারী প্রাথমিক বিদ্যালয়টি ১৯৭০ সালে ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত হয়। ফলে স্থল, কমিটি উপায়ান্তর না দেখিয়া স্থানীয় জনসাধারণের সহযোগিতায় টিনের চালা উঠায়। পুনরায় ১৯৭৬ সালের ঘূর্ণিঝড়ে বিদ্যালয়টি বিধ্বস্ত হয়। বর্তমানে স্থলের ছেলে মেয়েরা খোলা আকাশের নীচে ক্লাস করিতেছে। ইহাতে ছাত্র ছাত্রীদের পড়াশুনার ভীষণ ব্যাঘাত সৃষ্টি হইতেছে। প্রাথমিক বিদ্যালয়টি মেরামতের জন্ত বার বার শিক্ষা বিভাগের কর্মকর্তাদের নিকট আবেদন জানান হইয়াছে; কিন্তু আজ পর্যন্ত কোন ফলোদয় হয় নাই।

অতএব, ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুব্যবস্থার জন্ত অবিলম্বে প্রাথমিক বিদ্যালয়টি মেরামতের আশু ব্যবস্থা গ্রহণের ব্যাপারে শিক্ষা বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট আবেদন জানাইতেছি।

—মোঃ জিল্লুর রহমান আকল,
গ্রাম বাইতুনা, ডাকঘর সোনা-
তোলা, জেলা রংপুর।